


# প্রথম একক অভীক্ষা

**বিষয়: বাংলা**

**দশম শ্রেণি**

**পবিত্র কার্ফা, পলাশন এম. এম. উচ্চ বিদ্যালয়**

**ফোন : ৯৪৩২৯১৬২৪৫**


## "অসুখী একজন"

**মান - ৩**

১."একটা কুকুর চলে গেল / হেঁটে গেল গির্জার এক নান" - উদ্ধৃতির তাৎপর্য লেখ।

২ . "নেমে এলো তার মাথার ওপর" - কি নেমে এলো? এই নেমে আসার তাৎপর্য কি?

৩ " সেই মেয়েটির মৃত্যু হলো না" - কবি এখানে কি বুঝিয়েছেন?

৪. "তারা আর স্বপ্ন দেখতে পারলো না" - তারা বলতে কাদের কথা বলা হয়েছে? তারা স্বপ্ন দেখতে পারলো না কেন?

৫." সব চূর্ণ হয়ে গেল / জ্বলে গেল আগুনে"- কি কি চূর্ণ হয়ে গেল?

৬." যেখানে ছিল শহর"- শহরের কি পরিণতি হয়েছিল?

**মান - ৫**

১. "অসুখী একজন" কবিতায় অসুখী কে? সে কেন অসুখী ?

২. "অসুখী একজন" কবিতায় যুদ্ধের যে ভয়াবহ বর্ণনা আছে তা নিজের ভাষায় লেখো।
অথবা , "তারপর যুদ্ধ এলো " - যুদ্ধ কেমন ভাবে এলো ? এই যুদ্ধের যে বিবরণ পাঠ্য কবিতায় যেভাবে আছে তা লেখো।

৩." আমি তাকে ছেড়ে দিলাম / অপেক্ষায় দাঁড় করিয়ে রেখে দরজায়" - বক্তা কে? তাকে ছেড়ে দিয়ে তিনি কোথায় চলে গিয়েছিলেন? তাকে ছেড়ে চলে যাওয়ার পর কি কি ঘটনা ঘটেছিলো?

৪." শিশু আর বাড়িরা খুন হল / সেই মেয়েটির মৃত্যু হল না" -শিশু আর বাড়িরা খুন হলো কেন ? মেয়েটির মৃত্যু হলো না বলতে কবি কী বুঝিয়েছেন?

পবিত্র কার্ফা, পলাশন এম. এম. উচ্চ বিদ্যালয়

## " আফ্রিকা "

**মান - ৩**

১."তার সেই অধৈর্যে ঘন ঘন মাথা নাড়ার দিনে" - কে কেন অধৈর্যে মাথা নাড়ছিলেন?

২ ." ছিনিয়ে নিয়ে গেলো তোমাকে আফ্রিকা" - কে কিভাবে আফ্রিকাকে ছিনিয়ে নিয়ে গেলো?

৩. " কৃপণ আলোর অন্তঃপুরে "- কথাটির তাৎপর্য বিশ্লেষণ কর।

৪." সেখানে নিভৃত অবকাশে তুমি " - নিভৃত অবকাশে কে কি করছিলো?

৫." প্রকৃতির দৃষ্টি অতীত জাদু" বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?

৬." এল ওরা লোহার হাতকড়ি নিয়ে"- ওরা কারা? ওরা এভাবে এলো কেন ?

৭." নখ যাদের তীক্ষ্ণ তোমার নেকড়ের চেয়ে"- কথাটির অন্তর্নিহিত অর্থ কি।

৮." সমুদ্র পাড়ে সেই মুহূর্তে তাদের পাড়ায় পাড়ায় " - তাদের বলতে কাদের কথা বলা হয়েছে ? সেই মুহূর্তে সমুদ্রপারে কি ঘটছিলো?

৯." সেই হোক তোমার সভ্যতার শেষ পুণ্য বাণী " - শেষ পুণ্য বাণীটি কী? কবির এমন কামনার কারণ কি ?

১০. "অপরিচিত ছিল তোমার মানবরূপ"- কার মানবরূপ কেন অপরিচিত ছিলো ?

**মান - ৫**

১."এলো ওরা লোহার হাতকড়ি নিয়ে"- ওরা কারা ? ওদের নগ্নরূপের পরিচয় দাও। **১+৪**

**অথবা ,**

"সভ্যের বর্বর লোভ নগ্ন করল আপন নির্লজ্জ অমানুষতা " -সভ্যের বর্বর লোভ বলতে কী বোঝানো হয়েছে? কীভাবে তা নির্লজ্জ অমানুষকে প্রকাশ করেছিলো? **২+৩**

**অথবা,**

"চিরচিহ্ন দিয়ে গেল তোমার অপমানিত ইতিহাসে " - কাকে একথা বলা হয়েছে? কীভাবে তার অপমানিত ইতিহাসে চিরচিহ্ন মুদ্রিত হলো? **১+৪**

পাবিত্র কাফী, পলাশন মুঃ মুঃ উচ্চ বিদ্যালয়

২."সেই হোক তোমার সভ্যতার শেষ পুণ্য বাণী" - সভ্যতার শেষ পুণ্য বাণীটি কী? কোন পরিস্থিতিতে পুণ্য বাণীর প্রয়োজন এবং কেন? **১+২+২**

৩."উদ্ভ্রান্ত সেই আদিম যুগে " 'আফ্রিকা' কবিতায় সেই উদভ্রান্ত যুগের পরিচয় যেভাবে আছে তা বিবৃত করো। **৫**

**অথবা,**

" ছিনিয়ে নিয়ে গেলো তোমাকে আফ্রিকা" - 'আফ্রিকা' কবিতা অবলম্বনে এর জন্মরহস্য কি ব্যক্ত করো। **৫**

নন্দ কুমার, পলাশন এম.এম. উচ্চ বিদ্যালয়

## গুরুত্বপূর্ণ বার্তা

প্রথম একক অভীক্ষায় তিনটি কবিতা, একটি গল্প এবং একটি প্রবন্ধ পাঠ্য আছে। যেহেতু ১০ জুন, ২০২০পর্যন্ত স্কুল বন্ধ থাকছে সেইজন্য একেবারে পরীক্ষার দিকে তাকিয়ে, স্পষ্ট করে বললে চূড়ান্ত পর্যায়ের পরীক্ষার দিকে তাকিয়ে কিছু প্রশ্নের তালিকা আমি আমাদের ওয়েবসাইটে দিলাম। এই প্রশ্নগুলো শুধুমাত্র প্রথম একক অভীক্ষার জন্য নয়, এই প্রশ্নগুলো ফাইনাল পরীক্ষার দিকে তাকিয়ে তৈরি করা।

তোমরা এই প্রশ্নগুলোর উত্তর তৈরি করাকালীন যদি কোনো প্রশ্ন বুঝতে অসুবিধা হয় এবং উত্তরটি তৈরি করার ক্ষেত্রে অসুবিধা হয় তখন নিঃসংশয়ে আমার সাহায্য নিতে পারো। আপাতত দুটি কবিতার প্রশ্নাবলী আমি আপলোড করলাম, পরে পরে অন্যান্যগুলোও দেব।